গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোঃ গোলাম ফেরদৌস, প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ১৭ অক্টোবর ২০২৪ সময়: বেলা ১২ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

(ক) উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ পাওয়া গেছে। এ প্রসঙ্গে সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ দ্বারা শিক্ষা প্রতিষ্ঠান, ড্রেনেজ ব্যবস্থা ও রাস্তাঘাটের কাজের প্রকল্প গ্রহণের নিমিত্ত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি সভায় বিশেষ করে চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে এডিপি'র বড় একটা অংশ দ্বারা ভূরুঙ্গামারী হাটের ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ দ্বারা শিক্ষা প্রতিষ্ঠান, ড্রেনেজ ব্যবস্থা ও রাস্তাঘাটের কাজের প্রকল্প গ্রহণের নিমিত্ত সকল ইউপি চেয়ারম্যানকে এবং বিশেষ করে চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে এডিপি'র বড় একটা অংশ দ্বারা ভূরুঙ্গামারী হাটের ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন/বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে টেন্ডার প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে এবং পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ০১ টি প্যাকেজে এবং ০২ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণের অনুমোদন পাওয়া গেছে যা টেন্ডার প্রক্রিয়াধীন ।

ADP প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, এডিপি'র ১ম কিস্তি বাবদ ২২৯৬০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গেছে। ১ম কিস্তির চার গুণ ২২৯৬০০০.০০X৪ = ৯১৮৪০০০.০০ টাকা ও রাজস্ব উদ্বৃত = ১২৫০০০০০.০০ টাকাসহ সর্বমোট ২,১৬,৮৪,০০০০.০০০ (দুই কোটি ষোল লক্ষ চুরাশি হাজার) টাকার ৩০% পিআইসি ও অবশিষ্ট অর্থের প্রকল্প সমূহ টেন্ডার/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের জন্য উক্ত টাকা বিভাজন করা হয়। বিভাজন অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক গ্রহণকৃত প্রকল্প দাখিলের জন্য সভায় বিশেষ ভাবে অনুরোধ জানান। এতদ ব্যতিত এডিপি প্রকল্প এবং ইউনিয়ন পরিষদ ১% অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত প্রকল্প সমূহ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রকল্প সমূহের নামঃ

| ক্রঃ নং | প্রকল্পেরনাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিল্প কলা একাডেমির রুম বর্ধিত করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০২ | ভূরুঙ্গামারী উপজেলাধীন ভোটহাট সড়কে ৭৮৩৬.০০ মিঃ চেইনেজে মজিদ সরকারের বাড়ী সংলগ্ন ৮.০০ মিঃ ইউড্রেন নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০৩ | ক) থানাঘাট বাজার সংলগ্ন রাস্তা মেরামত করণ, বাংলা বাজার, বাশজানী রাস্তা মেরামত করণ।<br>খ) ইন্দ্রি প্রসাদ মন্দির সংলগ্ন সাদ্দাম মোড় রাস্তা, লাকীহল রাস্তা এবং কলেজ রাস্তা মেরামত করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০৪ | সোনাহাট ডিগ্রী কলেজ উন্নয়ন করণ। | ২০০০০০.০০ | পিআইসি |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | শিলখুড়ি ইউনিয়নের উত্তর ধলডাঙ্গা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষ মেরামত করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০৬ | (ক) তিলাই ইউনিয়নের হাজী ওয়াল উদ্দিন শিকদার নুরানী হাফিজিয়া মাদ্‌রাসা ও এতিম খানায় সৌচাগার নির্মাণ। **(খ) ভূরুঙ্গামারী সদর ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের বাগভান্ডার আঃকাদের এর বাড়ী সংলগ্ন ড্রেন নির্মাণ করণ।** | ২০০০০০.০০ | পিআইসি |
| | মোট= | ১২০০০০০.০০ | |

ইউনিয়ন পরিষদ ১% অর্থ দ্বারা গৃহীত প্রকল্পের নামঃ

| ক্রঃ নং | প্রকল্পেরনাম | প্রক্কলিতমূল্য | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | উপজেলা শিল্পকলা একাডেমির রুম বর্ধিত করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ০২ | উপজেলা পরিষদ ভবনের সামনে ইউনিব্লক এর পাশে গাইড ওয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| | মোট= | ৪০০০০০.০০ | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থ বিবেচনায় উপরিউক্ত প্রকল্প সমূহ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান হাসপাতালের বাউন্ডারী ওয়ালের দক্ষিণ পশ্চিম হতে দক্ষিণ-পূর্ব দিকে ড্রেনেজ ব্যবস্থাসহ হাসপাতালের জরুরী মুর্হূতে ব্যবহারের জন্য আইপিএস প্রদানের অনুরোধ জানান। তাছাড়া তিনি সভায় আরো জানান ৫ম-৯ম শ্রেণিতে অধ্যয়নরত কিশোরীদের জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধে টিকা কার্যক্রম পরিচালিত হবে। এ কার্যক্রমকে সফল করার জন্য তিনি সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলের বিশেষ করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম কিশোরীদের জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধে টিকা কার্যক্রম সফল করতে উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ হাসপাতালের বাউন্ডারী ওয়ালের দক্ষিণ পশ্চিম হতে দক্ষিণ-পূর্ব দিকে ড্রেনেজ ব্যবস্থা গ্রহণের জন্য সরেজমিন পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। এডিপি'র অর্থ দ্বারা হাসপাতালের জরুরী মুর্হূতে ব্যবহারের জন্য আইপিএস প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ৫ম-৯ম শ্রেণিতে অধ্যয়নরত কিশোরীদের জরায়ুমুখে ক্যান্সার প্রতিরোধে টিকা কার্যক্রম সফল করা জন্য উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী/উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি ভেটেরিনারি সার্জন সভায় জানান প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গমারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম।

৫। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬। উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ রিসোর্স সেন্টারের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কৃষি বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। বর্তমানে সারের কোন সংকট নেই।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে তথা কৃষকদেরকে প্রয়োজনীয় সহায়তা/সহযোগিতা প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। শিক্ষার মান উন্নীত পর্যায়ে আনয়নের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণেল জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২। উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ

সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান আগামী ১লা নভেম্বর ২০২৪ জাতীয় যুব দিবস উদ্‌যাপিত হবে। ভূরুঙ্গামারী উপজেলায় জাতীয় যুব দিবস উদ্‌যাপনে তিনি সংশ্লিষ্ট সকলের উপস্থিতি কামনা করেন।

সিদ্ধান্ত ঃ আগামী ১লা নভেম্বর ২০২৪ জাতীয় যুব দিবস উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় সরকারি ভাবে বরাদ্দ প্রাপ্ত টিউবওয়েল সমূহের উপকারভোগীদের নামের তালিকা আগামী ২১/১০/২০২৪ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সরকারি ভাবে বরাদ্দ প্রাপ্ত টিউবওয়েল সমূহ একান্তভাবে যারা পাওয়ার যোগ্য তাদের নামের তালিকা আগামী ২১/১০/২০২৪ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪। উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬। ইসলামিক ফাউন্ডেশন ঃ

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রমকে তথা আগামী হজ্ব মৌসুমে গমনেচ্ছুক হজ্বযাত্রীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭। উপজেলা সমাজসেবা দপ্তর ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার সমাজসেবা বিভাগসহ অন্যান্য দপ্তর তথা ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সকল ভাতাভোগীদের শতভাগ স্বচ্ছ নামের তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ বিভিন্ন ভাতাভোগীদের শতভাগ স্বচ্ছ নামের তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার/বিভাগীয় সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ মানুষের ভোগান্তি লাঘবে লোডলেডিং সহনীয় পর্যায়ে রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯। কাস্টম্‌স বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান চলতি অর্থ বছরে টি.আর/কাবিখার বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কর্মসূচি প্রণয়ন করা হবে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১। মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ মৎস্য বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২। পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩। সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪। আইসিটি বিভাগঃ

উপজেলা আইসিটি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণকে তাদের স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্যও তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আইসিটি অফিসার/সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫। বনবিভাগ ঃ

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬। পল্লী সঞ্চয় ব্যাংক ঃ

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।
সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭। উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে জানান। তিনি সভায় আরো জানান দাপ্তরিক কাজের সুবিধার্থে বর্তমান ভবনের পূর্ব পার্শ্বে স্বতন্ত্র একটি সিঁড়ি নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের সহযোগিতা কামনা করেন। এতদ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ উপজেলা নির্বাচন অফিসের পূর্ব পার্শ্বে স্বতন্ত্র একটি সিঁড়ি নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ

বীরমুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বর্তমানে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটি থাই গ্লাসগুলো ভেঙ্গে যাওয়া জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের থাই গ্লাসগুলো এডিপির অর্থ দ্বারা ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/বীরমুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯। বিএডিসি (সেচ) ঃ

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।
বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০। পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ সংক্রান্ত ঃ

চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার ইউনিয়নের পাইকডাঙ্গা রাস্তায় কাঠের ব্রীজটি জনস্বার্থে মেরামত/সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
সিদ্ধান্ত ঃ পাইকডাঙ্গা রাস্তায় কাঠের ব্রীজটি সরেজমিন পরিদর্শন পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১। উপজেলা পরিষদ সংক্রান্ত বিবিধ আলোচনাঃ

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা গত সেপ্টেম্বর/২০২৪ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।

মাসের নাম ঃ সেপ্টেম্বর/২০২৪

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ২. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৩. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে সেপ্টেম্বর/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ৩০০০/- |
| ৪. | শ্রী সঞ্জয় বসাক, হোটেল শুভ এন্ড রেষ্টুরেন্ট, ভূরুঙ্গামারীকে সেপ্টেম্বর/২০২৪ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ৫. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারী সেপ্টেম্বর/২০২৪ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ৬. | মোঃ সাইদুর রহমান, লাইনম্যান, মায়া সাইবার ওয়ার্ল্ড, সেপ্টেম্বর/২০২৪ মাসের ইন্টারনেট রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ২২০৫/- |
| ৭. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী সেপ্টেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান (ভ্যাটসহ) | ৭,০০০/- |
| ৮. | মোঃ মেহেজ আলী, পিতা-মৃত. আবু বক্কর, বাহের কেদার, বলদিয়া, ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৩০০০/- |
| ৯. | মোঃ ছাইদুল ইসলাম, পিতা- মোঃ মনোয়ার হোসেন, পশ্চিম কেদার, বলদিয়া, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৩০০০/- |
| ১০. | মোঃ মনোয়ার হোসেন, পিতা- মৃত রমজান মুন্সি, পশ্চিম কেদার, বলদিয়া, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৩০০০/- |
| ১১. | মোঃ আব্দুল মান্নান, পিতা- মৃত হাসমত আলী, উত্তর পাথরডুবী, পাথরডুবী, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য | ৩০০০/- |

(অপ্রত্যাশিত খাত)

| | | |
|---|---|---|
| ১২. | মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত লোকমান আলী, দক্ষিণ তিলাই, তিলাই, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৫০০০/- |
| ১৩. | মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত হাসেন আলী, ছোট খাটামারী, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ২০০০/- |
| ১৪. | মোঃ কাছু শেখ, পিতা- মৃত সজিল শেখ, বাগভান্ডার, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৩০০০/- |
| ১৫. | মোঃ স্বপন আলী, পিতা- মৃত ঘুতু শেখ, দেওয়ানের খামার, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৫০০০/- |
| ১৬. | মোঃ রানা বাবু, পিতা- মোঃ হাছেন আলী, দক্ষিণ ছাট গোপালপুর, তিলাই, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৭০০০/- |
| ১৭. | মোঃ আলামিন, পিতা- মোঃ বাবু মিস্ত্রী, দক্ষিণ বলদিয়া, বলদিয়া, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৫০০০/- |
| ১৮. | মোঃ শাহজাহান আলী, পিতা- মৃত ময়েন আলী, চর বলদিয়া, বলদিয়া, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৩০০০/- |
| ১৯. | মোঃ আতাউজ্জামান, পিতা- মোঃ ফজলার রহমান, কামাত আঙ্গারীয়া, ভূরুঙ্গামারী ভূরুঙ্গামারী আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত) | ৪০০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে উপজেলাধীন ইউপি চেয়ারম্যানগণকে প্রত্যেক ক্ষেত্রে তাদের সক্ষতা অনুযায়ী দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করত: গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
প্রশাসক
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৪-৯৯৬

তারিখঃ ০১ কার্তিক ১৪৩১ / ১৭ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬। উপজেলা ............................................................... অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। জনাব ..........................................................................................................................
৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।